



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৯৭৮

তারিখঃ ২০/১০/২০২০

বার্তা সম্পাদক
“দৈনিক সংবাদ”
ঢাকা।

বিষয় : প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার প্রতিবাদ।


গত ১৭ অক্টোবর ২০২০ ইং তারিখে আপনাদের “দৈনিক সংবাদ” পত্রিকায় “ঢাকা শহরের ড্রেনেজ ব্যবস্থাপনা ব্যর্থতার দায় স্বীকার করলেন ওয়াসার এমডি তাকসিম” শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপ :

শিরোনাম সহ সংবাদটি অসত্য, বিভ্রান্তিকর এবং উদ্দেশ্য প্রণোদিত। প্রকৃতপক্ষে এখানে ব্যর্থতা বা সফলতার কোনো বিষয় নয়। যে দিকটির উপর ভিত্তি করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় নগরীর ড্রেনেজ ব্যবস্থা এককভাবে দুই সিটি কর্পোরেশনের হাতে ন্যাস্ত করার কথা বলেছেন সেটা হলো; পৃথিবীর কোথাও পানি সরবরাহকারী সংস্থার হাতে ড্রেনেজ ব্যবস্থাপনার দায়িত্ব দেয়া হয়না। আর সেজন্য এ দায়িত্ব সাতটি সংস্থার হাতে না রেখে এককভাবে দুই সিটি কর্পোরেশনের হাতে দেয়ার প্রস্তাব তিনি করেছেন। এতে এ কাজে সমন্বয়ের জন্য ভালো হবে। তিনি শুধু ওয়াসাকে নয় বরং বাকী সংশ্লিষ্ট সংস্থাগুলোকেও ড্রেনেজ ব্যবস্থাপনার তদারকী থেকে অব্যাহতি দেয়ার কথা বলেছেন। সুতরাং এখানে ওয়াসা ব্যর্থ বা ব্যর্থতার প্রশ্ন অবাস্তব। বরং এ প্রস্তাব নগরবাসীর বৃহত্তর স্বার্থেই দেয়া হয়েছে। অতএব ‘ঢাকা শহরের ড্রেনেজ ব্যবস্থাপনা ব্যর্থতার দায় স্বীকার করলেন ওয়াসার এমডি তাকসিম’- এ তথ্যটি একান্তই প্রতিবেদকের মনগড়া এবং হাস্যকর।

উল্লেখ্য, ১৯৮৯ সাল হতে ঢাকা ওয়াসা নগরীর ড্রেনেজ ব্যবস্থার দায়িত্বপ্রাপ্ত অন্যতম সংস্থা হিসেবে এ দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে আসছে। তবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর পর্যবেক্ষণ থেকে বলেছেন, সাম্প্রতিক সময়ে ৭টি সংস্থা কোন পরিকল্পনা ছাড়া ইচ্ছামত কাজ করার ফলে বর্তমান ড্রেনেজের এই অবস্থা। যার কারণে ২০১২ সাল হতে নগরীর ড্রেনেজ ব্যবস্থা ১টি সংস্থা এবং তাহা ঢাকা সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করার জন্য ঢাকা ওয়াসা হতে বলা হলেও এখনও তার বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে।

কাজেই এ ধরনের বিভ্রান্তি মূলক রিপোর্ট না প্রকাশ করে বিষয়ের মর্মার্থ বুঝে প্রতিবেদন করার অনুরোধ করা হ’ল।

পরিশেষে, প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের “দৈনিক সংবাদ” পত্রিকার পরবর্তী সংখ্যায় লুভ্ একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ’ল।


20/10/2020

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।